

অর্থ বিভাগে সরাসরি গৃহ নির্মাণ ঋণ আবেদন (Online Loan Application) প্রক্রিয়া

ঋণ আবেদনকারী অর্থ বিভাগের ওয়েবসাইটে Govt. House Building Loan উইন্ডোতে প্রবেশ করে Online Loan Application এ অথবা সরাসরি iBAS++ user ID ব্যবহার করে Login করবেন

আবেদনকারী House Loan Subsidy Application (Self) অপশন হতে ঋণের আবেদন ফরম পূরণ করে Submit করবেন

অর্থ বিভাগের ডেস্ক অফিসার কর্তৃক যাচাই-বাছাই করে আবেদনটি বাস্তবায়নকারী সংস্থা এবং আবেদনকারীর সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ অথবা প্রয়োজনীয় সংশোধনীর জন্য আবেদনকারীর নিকট ফেরত প্রদান

আবেদনকারী কর্তৃক জমি/ ফ্ল্যাট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্ট শাখা অফিসে প্রদর্শন

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট / বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক আবেদনকারীর মামলা সংক্রান্ত তথ্য সংগ্রহপূর্বক iBAS++ ID ব্যবহার করে ঋণ প্রাপ্তির যোগ্যতা সংক্রান্ত NOC প্রণয়ন

বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক আবেদনকারীর দাখিলকৃত কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক ঋণ প্রদানে সম্মত হলে সাময়িক ঋণ অনুমোদনপত্র ও সাময়িক রিপেমেন্ট শিডিউল প্রণয়ন

স্বয়ংক্রিয়ভাবে তৈরিকৃত NOC ফোকাল পয়েন্ট / বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক iBAS++ সিস্টেমের মাধ্যমে ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ

বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক ঋণ অনুমোদনের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে ঋণের সাময়িক অনুমোদনপত্র ও রিপেমেন্ট শিডিউল iBAS++ সিস্টেমের মাধ্যমে অর্থবিভাগে প্রেরণ

অর্থবিভাগ প্রাপ্ত আবেদনের সকল তথ্য উপাত্ত পর্যালোচনা করে ঋণ অনুমোদন ও সুদ ভর্তুকির সাময়িক মঞ্জুরি আদেশ জারিপূর্বক অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) প্রকাশ এবং আবেদনকারী ও বাস্তবায়নকারী সংস্থা বরাবর e-mail এ প্রেরণ

সাময়িক মঞ্জুরি আদেশ জারির ৯০ দিনের মধ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক ঋণ বিতরণপূর্বক ঋণের বিপরীতে ক্রয়তব্য ফ্ল্যাট/ বাড়ি রেজিস্ট্রেশন ও বন্ধকী কার্যক্রম সম্পন্ন করে চূড়ান্ত ঋণ অনুমোদনপত্র ও চূড়ান্ত রিপেমেন্ট শিডিউল প্রণয়নপূর্বক iBAS++ সিস্টেমের মাধ্যমে যথাসময়ে অর্থ বিভাগে প্রেরণ

অর্থ বিভাগ কর্তৃক প্রাপ্ত চূড়ান্ত ঋণ অনুমোদনপত্র ও রিপেমেন্ট শিডিউল এর তথ্য যাচাই করে সুদ ভর্তুকির চূড়ান্ত মঞ্জুরি আদেশ জারিপূর্বক অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) প্রকাশ এবং আবেদনকারী ও বাস্তবায়নকারী সংস্থা বরাবর e-mail এ প্রেরণ

অর্থ বিভাগ কর্তৃক সুদ ভর্তুকির অর্থ সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার iBAS++ account-এ এন্ট্রি প্রদান